

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৭১

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ এই প্রশ্নকারী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যে প্রশ্ন করেছিলেন, সেটার সময় সম্পর্কে বর্ণনা

ذَكَرُ الْوَقْتِ الَّذِي سَأَلَ هَذَا السَّائِلُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَمَّا سَأَلَ

আরবী

3771 - أَخْبَرَنَا أَيُّوَعْلَى حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخٍ حَدَّثَنَا هَمَّامٌ حَدَّثَنَا عَطَاءٌ عَنْ صَفْوَانَ بْنِ يَعْلَى بْنِ أُمَيَّةَ عَنْ أَبِيهِ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ بِالْجِعْرَانَةِ وَعَلَيْهِ جُبَّةٌ وَعَلَيْهَا الْخُلُوقُ أَوْ قَالَ: أَثَرُ صُفْرَةٍ فَقَالَ: كَيْفَ تَأْمُرُنِي أَنْ أَصْنَعَ فِي عُمْرَتِي؟ قَالَ: وَأَنْزَلَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْوَحْيُ فَسُتِرَ بِثَوْبٍ وَكَانَ يَعْلَى يَقُولُ: وَدِدْتُ أَنِّي أَرَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ أُنْزِلَ عَلَيْهِ الْوَحْيُ قَالَ: فَرَفَعَ عُمَرُ طَرَفَ الثَّوْبِ قَالَ: فَنَظَرْتُ إِلَيْهِ وَلَهُ غَطِيطٌ قَالَ: فَلَمَّا سُرِّي عَنْهُ قَالَ: (أَيْنَ السَّائِلُ عَنِ الْعُمْرَةِ اغْسِلْ عَنْكَ أَثَرَ الصُّفْرَةِ - أَوْ قَالَ: الْخُلُوقِ - وَاخْلَعْ عَنْكَ جُبَّتَكَ وَاصْنَعْ فِي عُمْرَتِكَ مَا أَنْتَ صَانِعٌ فِي حَجَّتِكَ)

الراوي : صَفْوَانَ بْنُ يَعْلَى عَنْ أَبِيهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3771 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1596): ق .

বাংলা

৩৭৭১. সাফওয়ান বিন ইয়া'লা তার বাবা থেকে হাদীস বর্ণনা করেন, তার বাবা ইয়া'লা রাযিয়াল্লাহু আনহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জি'রানাতে অবস্থানকালে তাঁর কাছে এক ব্যক্তি আসেন এমন অবস্থায় যে, সে সুগন্ধিযুক্ত জুব্বা পরিহিত অবস্থায় ছিল অথবা তিনি বলেছেন, “তাতে হলুদ (সুগন্ধির) চিহ্ন ছিল। সেই ব্যক্তি বলেন, “আপনি আমাকে আমার উমরায় কিরূপ কাজ করার নির্দেশ দিবেন?” রাবী বলেন, “এসময় রাসূল সাল্লাল্লামের উপর অহী অবতীর্ণ হয়। ফলে তাঁকে কাপড় দিয়ে ঢেকে দেওয়া হয়।”

ইয়া'লা রাহিয়াল্লাহু আনহু বলতেন, “আমার আশা ছিল যে, আমি যদি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অহী অবতীর্ণ হওয়ার অবস্থায় দেখতে পেতাম!” তিনি বলেন, “অতঃপর উমার রাহিয়াল্লাহু আনহু কাপড়ের পার্শ্ব উঠান।” তিনি বলেন, “তারপর আমি ভিতরে তাকাই, এসময় তিনি নাক ডাকার আওয়াজ করছিলেন।”

রাবী বলেন, “অতঃপর যখন তাঁর এই অবস্থা কেটে গেলো, তখন তিনি বলেন, “উমরাহ সম্পর্কে প্রশ্নকারী কোথায়? তুমি তোমার থেকে হলুদ (সুগন্ধি) চিহ্ন -অথবা (রাবীর সন্দেহ) তিনি বলেছেন, খালুক সুগন্ধি- ধুয়ে ফেলো, তোমার জুব্বা খুলে ফেলো আর তুমি তোমার হজে যেমন করেছো, উমরাতেও তেমনি করবে।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৮২১; সুনান বাইহাকী: ৫/৫৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাফওয়ান ইবনু ই'য়ালা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93108>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন